পটুয়াখালীতে ৯নং ওয়ার্ডে যুবদলের কর্মীসভা অনুষ্ঠিত

রিয়াজুর রহমান, পটুয়াখালী – দেশের চলমান পরিস্থিতিতে দলকে আরও গতিশীল, শক্তিশালী ও সুসংগঠিত
ইউনিটক এর লক্ষ্যে বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানে,কেন্দ্রীয় নির্বাহী কমিটি ও জেলা যুবদলের সভাপতি মনিরুল ইসলাম লিটন নির্দেশে পটুয়াখালী সদর থানা পৌর শহর অন্তর্গত ওয়ার্ড যুবদলের কর্মী সভা অনুষ্ঠিত হয়েছে। ১৪(মার্চ)শুক্রবার বিকেল ৩ ঘটিকায় টাউন কালিকাপুর পল্লী বিদ্যুৎ সংলগ্ন ৯নং ওয়ার্ড এলাকায় যুবদলের এ কর্মী সভায় অনুষ্ঠিত হয়।

সম্ভাব্য আলোচনার শীর্ষে ওয়ার্ড যুবদলের সভাপতি মোঃ জসিম তালুকদার এর সভাপতিত্বে কর্মী সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা যুবদলের(সহ-সভাপতি)গোলাম রাব্বানী.প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন মোঃজসিম উদ্দিন(সদস্য সচিব) পৌর যুবদল,বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নুরুল আমিন লিটন গাজী(সহ-সভাপতি) জেলা যুবদল
সহ পটুয়াখালী যুবদলের অন্যান্য নেতৃবৃন্দ।

কর্মী সভায় যুবদলের নেতাকর্মীদের ঐক্যবন্ধ থেকে সব ষড়যন্ত্র রুখে দেওয়া আহ্বান জানিয়ে বক্তারা বলেন, স্বৈরাচারী শেখ হাসিনা এবং তার দোসরদের আর বাংলাদেশে স্থান দেওয়া হবে না। যারা বসন্তের কোকিল হয়ে সংস্কারপন্থী হয়ে বিএনপিতে ঢুকে বিশৃঙ্খলা সৃষ্টি করে দলের বদনাম করতে চায় তাদেরকে ছাড় দেওয়া হবে না। তারুণ্যের অহংকার তারেক রহমানের নেতৃত্বে আগামীর স্বপ্নের বাংলাদেশ গড়ার লক্ষ্যে রাজপথে আছে যুবদলের সকল নেতাকর্মীরা। সবাইকে দেশ ও জনগণের কল্যাণে কাজ করতে হবে।এছাড়াও নেতাকর্মীদের চলমান রাজনৈতিক পরিস্থিতি মোকাবিলায় ঐক্যবদ্ধ থাকার তাগিদ দেওয়া হয়।